দৈনিক বাংলা

তারিখ 1|2|83
পৃষ্ঠা 1 কলাম 5

033

# প্রশ্নমালায় শিক্ষা ব্যবস্থার ত্রুটি চিহ্নিত হয়েছে : মজিদ

সরকার কর্তৃক প্রচারিত প্রশ্নমালা দেশের বর্তমান শিক্ষা ব্যবস্থার ত্রুটিসমূহ চিহ্নিত করেছে এবং এসবের বাস্তবসম্মত সমাধানের ইঙ্গিত দিয়েছে। শিক্ষা ও ধর্মবিষয়ক মন্ত্রী ডঃ এ মজিদ খান শনিবার প্রস্তাবিত শিক্ষানীতির ওপর টেলিভিশন ভাষণে একথা বলেন। খবর বাসস।

তিনি বলেন, সকল স্তরের জনসাধারণের মতামত এবং পরামর্শ জানার জন্য এই প্রশ্নমালা প্রণীত এবং মুদ্রিত হয়েছে। মন্ত্রী বলেন, শিক্ষার মত একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ

(শেষ পৃঃ ৩-এর কঃ দ্রঃ)

## মজিদ

(১ম পৃঃ পর)

পূর্ণ বিষয়ে সিদ্ধান্ত নেয়ার আগে দেশবাসী এবং এ ব্যাপারে সরাসরি সংশ্লিষ্ট মহলের সমর্থন ও সহযোগিতা প্রয়োজন।

প্রস্তাবিত শিক্ষানীতি বিস্তারিত ব্যাখ্যা করে মন্ত্রী আশ্বাস দেন যে শিক্ষানীতি প্রণয়নকালে বিভিন্ন বিষয়ের পক্ষে সংশ্লিষ্ট ব্যক্তিদের সুবিবেচিত পরামর্শকে গুরুত্ব দেয়া হবে। তিনি দুঃখ প্রকাশ করে বলেন, প্রস্তাবিত শিক্ষানীতি ভালভাবে অবহিত না হয়েই কিছুসংখ্যক ছাত্র এর বিরোধিতা করছে।

ডঃ খান তাঁর ভাষণে এ বিষয়ে ছাত্রসমাজের সঙ্গে আলোচনা এবং মতামত বিনিময়ের ব্যাপারে তাঁর আগ্রহের পুনরুল্লেখ করেন।